

কাল প্রকাশিত হতে পারে রাবি 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৮:২৪, ২ মে ২০২৫; আপডেট: ১৮:২৫, ২ মে ২০২৫



ছবি: সংগৃহীত



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষ 'সি' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষার ফল আগামীকাল শনিবার (৩ মে) প্রকাশের সম্ভাবনা রয়েছে।

আজ শুক্রবার (২ মে) দুপুরে 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার কো-অর্ডিনেটর অধ্যাপক মো. গোলাম মর্তুজা এ তথ্য জানিয়েছেন। তবে কাল কখন ফলাফল প্রকাশ হবে তা নিশ্চিত করেননি তিনি।

এ বিষয়ে গোলাম মর্তুজা বলেন, 'সি' ইউনিটের ফল প্রকাশের কাজ প্রায় শেষের দিকে। সবকিছু ঠিক থাকলে আগামীকালই ফল প্রকাশ হতে পারে। তবে কখন হবে সে সময়টা এখন বলতে পারছি না। ফল প্রকাশিত হলে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানতে পারবেন শিক্ষার্থীরা।'

গত ২৬ এপ্রিল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ‘সি’ (বিজ্ঞান) ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বেলা ১১টা থেকে দুপুর ১২টা এবং দুপুর আড়াইটা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত দুই ধাপে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এবারে ‘সি’ ইউনিটে মোট আসনসংখ্যা ১ হাজার ৫১৬। দেশের পাঁচটি আঞ্চলিক কেন্দ্রে ভর্তি পরীক্ষায় ৯৮ হাজার ৮২০ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশ নেন। সুতরাং আসন প্রতি প্রতিদ্বন্দ্বিতা করেছেন প্রায় ৬৫ জন পরীক্ষার্থী।